# সচরাচর জিজ্ঞাসা (Frequently Ask Question)

১। কোথায় ISBN (International Standard Book Number) এর জন্য আবেদন করা যাবে?

উত্তর: পুস্তকের ISBN পেতে হলে সর্বপ্রথম www.nanl.gov.bd তে গিয়ে ISBN সেবাবক্সে অথবা isbn.teletalk.com.bd এ প্রবেশ করে রেজিস্ট্রেশন করতে হবে। এরপর Application for ISBN-এ ক্লিক করে ISBN-এর জন্য আবেদন করতে হবে।

২। Author Registration করতে কি কি কাগজ প্রয়োজন?

উত্তর: Author Registration করতে Author এর NID (সর্বোচ্চ ৬০০×৮৫০ পিক্সেল), ছবি (সর্বোচ্চ ৩০০×৩০০ পিক্সেল) ও স্বাক্ষর (সর্বোচ্চ ৩০০×৩০০ পিক্সেল) প্রভৃতি স্ক্যান করে আপলোড করতে হবে।

৩। Publisher Registration করতে কি কি কাগজ প্রয়োজন?

উত্তর: Publisher Registration করতে প্রকাশনা সংস্থার পুস্তক প্রকাশক হিসাবে নেয়া হালনাগাদ ট্রেড লাইসেন্স (সর্বোচ্চ ৬০০×৮৫০ পিক্সেল), জাতীয় পরিচয়পত্র (NID) (সর্বোচ্চ ৬০০×৮৫০ পিক্সেল), স্বত্বাধিকারীর ছবি (সর্বোচ্চ ৩০০×৩০০ পিক্সেল) ও স্বাক্ষর (সর্বোচ্চ ৩০০×৩০০ পিক্সেল) প্রভৃতি স্ক্যান করে PNG ফরমেটে বর্ণিত মাপ অনুযায়ী Upload করতে হবে।

৪। ISBN ফি কত?

উত্তর: প্রতি বইয়ের ISBN ফি ২০০/-(দুইশত) টাকা যা সরকার কর্তৃক নির্ধারিত। তবে অনলাইনে পরিশোধের ক্ষেত্রে সার্ভিস চার্জ হিসাবে ২৩/- টাকা যুক্ত হবে। ফলে মোট ২২৩/- টাকা টেলিটক প্রিপেইড সিম-এর মাধ্যমে SMS করে পরিশোধ করতে হবে।

৫। ISBN ফি পরিশোধের পদ্ধতি কি?

উত্তর:বর্ণিত নির্দেশনা (ISBN <space> Application ID sent to 16222) মোতাবেক টেলিটক অপারেটরের মাধ্যমে পরিশোধ করতে হবে।

৬। অনলাইনে আবেদন ও ISBN ফি জমাদানের কতদিন পর ISBN পাওয়া যাবে?

উত্তর: অনলাইনে আবেদন জমাদানের ২৪ ঘন্টার (সরকারি ছুটি ব্যতীত) মধ্যে ISBN পাওয়া যাবে।

৭। ISBN কিভাবে পাওয়া যাবে?

উত্তর: লেখক ও প্রকাশকগণ রেজিস্ট্রেশনের সময় প্রাপ্ত User ID দিয়ে লগইন করে ড্যাশবোর্ডে প্রবেশ করে ডাউনলোড অপশনে ক্লিক করলে QR code ও Barcode সহ ISBN সার্টিফিকেট পাওয়া যাবে।

৮। বইয়ে ISBN এর সাথে কোন কোড ব্যবহার করা উচিত?

উত্তর: বইয়ে ISBN এর সাথে QR code ব্যবহার করা উচিত। কারণ, এই কোড মোবাইলে স্ক্যান করলে আপনার বইয়ের বিস্তারিত তথ্য যে কেউ দেখতে পারবে।

৯। অফিস হতে ISBN হাতে হাতে প্রদান করা হয় কি?

উত্তর: না। বর্তমানে অনলাইন মাধ্যম ব্যতীত অফিস হতে ISBN হাতে হাতে প্রদান করা হয় না।

১০। জার্নাল, ম্যাগাজিন, পত্রিকা, সাময়িকী, বার্ষিক প্রতিবেদন প্রভৃতির কি ISBN প্রদান করা হয়?

উত্তর: না। International ISBN Agency এর নিয়ম অনুযায়ী নিয়মিতভাবে প্রকাশিত প্রকাশনায় ISBN ব্যবহৃত হয় না। তাই বর্ণিত প্রকাশনাগুলোর ISBN প্রদান করা হয় না। এক্ষেত্রে ISSN (International Standard Serial Number) ব্যবহারের প্রচলন রয়েছে।

১১। প্রকাশনা সংস্থা ব্যতীত অন্য প্রতিষ্ঠান কীভাবে ISBN এর জন্য আবেদন করবে?
উত্তর: যেহেতু প্রতিষ্ঠানের ব্যবসায়িক ট্রেড লাইসেন্স থাকে না, সেহেতু Organization Registration করে ক্রমিক-১ অনুযায়ী Application for ISBN-এ গিয়ে আবেদন করতে হবে।

১২। ISBN এর জন্য পাণ্ডুলিপি জমা দিতে হবে কিনা?
উত্তর: না।

১৩। পুনর্মুদ্রণের জন্য নতুন করে ISBN নিতে হয় কিনা?
উত্তর: না। তবে শিরোনাম পরিবর্তন বা সূচিপত্র পরিবর্তন বা পুস্তকের এক-তৃতীয়াংশ পরিবর্তন হলে অথবা অন্য প্রকাশনা কর্তৃক প্রকাশিত হলে নতুন ISBN নিতে হবে।

১৪। একজনের ISBN এর ID থেকে অন্য কারো পুস্তকের জন্য ISBN এর আবেদন করা যাবে কি?
উত্তর: না।

১৫। ISBN প্রাপ্ত বই কতদিনের মধ্যে জাতীয় গ্রন্থাগারে জমা দিতে হবে?
উত্তর: পুস্তক প্রকাশের ৬০ (ষাট) দিনের মধ্যে কপিরাইট আইন অনুযায়ী বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার, আগারগাঁও, ঢাকা- এ জমা দিতে হবে।

১৬। প্রতিটি নতুন বইয়ের জন্য নতুন করে রেজিস্ট্রেশন করতে হবে কিনা?
উত্তর: না।